115

তারিখ ...05 AUG 1997... পৃষ্ঠা ...১ কলাম ...৫

দৈনিক ইনকিলাব

### পরিস্থিতি ক্রমেই অবনতির দিকে যাচ্ছে

# ছাত্রদল-ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতারা সূর্যসেন হলে ঢুকছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল পরিস্থিতি ক্রমেই অবনতির দিকে যাচ্ছে। সমঝোতা চুক্তি ভঙ্গ করে জাতীয়তাবাদী ছাত্রদল ও মুজিববাদী ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতারা সূর্যসেন হলে যাচ্ছেন। চুক্তি অনুযায়ী ছাত্রদল ও ছাত্রলীগের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়া আর কেউ হলে যেতে পারবেন না। ছাত্রলীগের মুহসীন হল শাখার এক নেতা গতকাল দুপুরে সূর্যসেন হলে ঢুকতে গেলে হল গেটে কর্তব্যরত হলের হাউজ টিউটর জামরুল ইসলাম বেগ তাকে বাধা দেন। ফলে ছাত্রলীগ নেতা কাদের ও তার ৩/৪ জন সহযোগী ক্ষেপে যায় এবং তারা হাউজ টিউটরের সঙ্গে দুর্ব্যবহার করে। এই ঘটনায় ক্ষুব্ধ হয়ে হাউজ টিউটর জামরুল ইসলাম

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## সূর্যসেন হল

প্রথম পৃষ্ঠার পর

বেগ হল গেট থেকে চলে যান এবং হল প্রভোস্টের কাছে গিয়ে বিষয়টি তাকে অবহিত করেন। তিনি ঘটনার প্রতিবাদে পদত্যাগ করতে চান। প্রভোস্ট তাকে পদত্যাগ না করতে অনুরোধ করেন। এরপর জামরুল ইসলাম বেগ পদত্যাগ না করলেও হল গেটের দায়িত্ব পালন করতে যাননি।

ছাত্রদলের বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিম অভিযোগ করেন যে, সমঝোতা চুক্তি লংঘন করে ছাত্রলীগের অন্য হলের নেতা ও বহিরাগত সন্ত্রাসীরা সূর্যসেন হলে ঢুকছে, হল এলাকায় মহড়া দিচ্ছে এবং ছাত্রদল কর্মীদের ভয় দেখাচ্ছে। তিনি অভিযোগ করেন যে, ছাত্রলীগ কর্মীরা বলছে, ১৫ আগস্টের পর তারা সবক'টি হলের নিয়ন্ত্রণ গ্রহণ করবে। এর পাশাপাশি ছাত্রলীগ কর্মীরা ছাত্রদল কর্মীদের বিরুদ্ধে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে। বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম আহবায়ক বশির আহমদ খানও অনুরূপ অভিযোগ করেছেন।

অপর দিকে, ছাত্রলীগের পক্ষ থেকে সূর্যসেন হলের সাধারণ ছাত্রদের স্বাক্ষর নিয়ে অভিযোগ করা হয়েছে যে, বিশেষ অনুমতিতে সূর্যসেন হলে অবস্থানকারী অন্য হলের ২০ জন ছাত্রদল নেতা-কর্মী হলে বিশৃংখলা সৃষ্টি করেছে। ভিসির কাছে এ অভিযোগ করা হয়েছে।